

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪০৫০
উদয়পুর, ০৬ ডিসেম্বর, ২০২৩

**বিকশিত ভারত সংকল্প যাত্রা
মাতাবাড়ি ব্লকভিত্তিক বিকাশ শিবির**

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে গতকাল মাতাবাড়ি ব্লকভিত্তিক বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। মাতাবাড়ি ব্লকের ধন্যমানিক্য মুক্ত মঞ্চে আয়োজিত এই শিবিরের উদ্বোধন করেন বিধায়ক অভিষেক দেবরায়। শিবিরের উদ্বোধন করে বিধায়ক শ্রী দেবরায় বলেন, এই দুই কর্মসূচিতে সরকারি প্রকল্প ও পরিষেবার সুবিধা অস্তিম ব্যক্তি পর্যন্ত পৌঁছে দেওয়া হচ্ছে। শিবিরে উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি দেবল দেবরায়, বিধায়ক রামপদ জমাতিয়া, মাতাবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুজন কুমার সেন, ব্লকের বিডিও শুভব্রত দে, সমাজসেবী মিন্টু চক্রবর্তী প্রমুখ। শিবিরে ত্রিপুরা গ্রামীণ অঙ্গীকার মিশনে কমিউনিটি ইনভেস্টমেন্ট ফান্ড হিসেবে কালাবন ক্লাস্টারকে ৩৭ লক্ষ ৫০ হাজার টাকা ও মহারানী ক্লাস্টারকে ৪ লক্ষ ৫০ হাজার টাকার চেক দেওয়া হয়। অতিথিগণ ক্লাস্টারের প্রতিনিধিদের হাতে এই চেক তুলে দেন।
